

স্মারক নং-৪২.১০৩.০১১.০১.০০.১৪৫৪.২০২০-১৫৮

তারিখঃ ০২/০৯/২০২০খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি


নদী গবেষণা ইনস্টিটিউট (RRI) এর নিম্নবর্ণিত শূন্য পদ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	বৈজ্ঞানিক কর্মকর্তা	টাকা ২২০০০-৫৩০৬০/= (৯নং গ্রেড)	০৯ (নয়) টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে- (ক) পুরকৌশল, তড়িৎকৌশল, যন্ত্রকৌশল, পানি সম্পদ কৌশল, কৃষি ইঞ্জিনিয়ারিং, রিভার ইঞ্জিনিয়ারিং, হাইড্রলিক্স, হাইড্রলজি, পানি সম্পদকৌশল বা এনভায়রনামেন্টাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; অথবা (খ) পদার্থবিদ্যা, ফলিত পদার্থ বিদ্যা, গণিত, ফলিত গণিত, মৃত্তিকা বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি বা অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।
২.	ভান্ডার কর্মকর্তা	টাকা ২২০০০-৫৩০৬০/= (৯নং গ্রেড)	১(এক)টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে- (ক) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা (খ) অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।
৩.	ভান্ডার রক্ষক	টাকা ১০২০০-২৪৬৮০/= (১৪নং গ্রেড)	১(এক)টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূন্য স্নাতক বা সমমানের ডিগ্রি।
৪.	হিসাব সহকারী	টাকা ১০২০০-২৪৬৮০/= (১৪নং গ্রেড)	১(এক)টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অনূন্য স্নাতক বা সমমানের ডিগ্রি।
৫.	ইলেকট্রিশিয়ান গ্রেড-বি	টাকা ৯৭০০-২৩৪৯০/= (১৫নং গ্রেড)	১(এক)টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অনূন্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স সনদপ্রাপ্ত; অথবা কারিগরি শিক্ষা বোর্ড হইতে ইলেকট্রিক্যাল ট্রেডে অনূন্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট কাজে অনূন্য ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা।
৬.	মডেল টেকনিশিয়ান গ্রেড-এ	টাকা ৯৩০০-২২৪৯০/=	১(এক)টি	কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অনূন্য

		(১৬নং গ্রেড)		উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৭.	কংক্রিট টেকনিশিয়ান গ্রেড-এ	টাকা ৯৩০০-২২৪৯০/= (১৬নং গ্রেড)	২(দুই)টি	কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অনূ্যন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৮.	গাড়ী চালক (লাইট)	টাকা ৯৩০০-২২৪৯০/= (১৬নং গ্রেড)	১(এক)টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অনূ্যন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) হালকা গাড়ী চালনায় বৈধ লাইসেন্সধারী।
৯.	ভান্ডার সহকারী	টাকা ৯৩০০-২২৪৯০/= (১৬নং গ্রেড)	১(এক)টি	কোন স্বীকৃত বোর্ড হইতে অনূ্যন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
১০.	মেকানিক গ্রেড-এ	টাকা ৯৩০০-২২৪৯০/= (১৬নং গ্রেড)	১(এক)টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অনূ্যন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অটোমোবাইল ট্রেড বিষয়ে ট্রেড কোর্স সনদপ্রাপ্ত; অথবা কারিগরি শিক্ষা বোর্ড হইতে অটোমোবাইল ট্রেডে অনূ্যন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা।
১১.	কার্টনিং গ্রেড-বি	টাকা ৯৩০০-২২৪৯০/= (১৬নং গ্রেড)	১(এক)টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অনূ্যন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সনদপ্রাপ্ত; এবং (গ) সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা।
১২.	ট্রেসার	টাকা ৯০০০-২১৮০০/= (১৭নং গ্রেড)	১(এক)টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অনূ্যন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সনদপ্রাপ্ত; এবং (গ) সুন্দর হস্তাক্ষরের অধিকারী।
১৩.	পাম্পম্যান (পাম্পচালক)	টাকা ৯০০০-২১৮০০/= (১৭নং গ্রেড)	১(এক)টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অনূ্যন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সনদপ্রাপ্ত।
১৪.	ডার্করুম সহকারী	টাকা ৮৮০০-২১৩১০/= (১৮নং গ্রেড)	১(এক)টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অনূ্যন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট কাজে অনূ্যন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা।
১৫.	গবেষণাগার বেয়ারার গ্রেড-এ	টাকা ৮২৫০-২০০১০/= (২০নং গ্রেড)	৩(তিন)টি	কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অনূ্যন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

## শর্তাবলী

১. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি রঙ্গীন ছবি এবং শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য প্রয়োজ্য সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
২. নিজ ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
৩. ০১/১০/২০২০খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে।
৪. প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানের ক্ষেত্রে ০১/১০/২০২০খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বৎসরের মধ্যে হতে হবে।
৫. আবেদনপত্র আগামী ২৯/১০/২০২০খ্রিঃ তারিখের মধ্যে মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর বরাবরে পৌছাতে হবে।
৬. চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত তারিখের মধ্যে আবেদন অবশ্যই মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর বরাবরে পৌছাতে হবে।
৭. সরকার কর্তৃক নির্ধারিত কোটা অনুসরণ করা হবে।
৮. ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে চাকুরির আবেদনপত্রের সাথে তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রয়োজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে, এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।  
খ) আবেদনপত্রের সাথে এস এস সি বা সমমানের পরীক্ষায় পাশের ক্ষেত্রে এস এস সি বা সমমানের সার্টিফিকেট এবং এস এস সি বা সমমানের পরীক্ষায় পাশ না হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে।  
গ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।  
ঘ) চূড়ান্ত নির্বাচনের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সকল সার্টিফিকেটের মূল কপি যাচাই করে সত্যতা সম্পর্কে সুনিশ্চিত হবেন।  
ঙ) চাকুরিতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করা হবে এবং উক্ত পুলিশ ভেরিফিকেশন ফরমে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সম্পর্কিত একটি ঘর/কলাম সংযোজন করতে হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্টের তথ্যে এবং সার্টিফিকেটের তথ্যে অমিল পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিষয়ে নিরপেক্ষভাবে তদন্ত করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।
৯. ৯ম গ্রেড (পূর্বতন ১ম শ্রেণি) এবং ১০ম-১৩তম গ্রেডের (পূর্বতন ২য় শ্রেণি) পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মেধার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে।
১০. প্রার্থী উপজাতীয় সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
১১. সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর এর অনুকূলে সোনালী ব্যাংক, গোয়ালচামট শাখা, ফরিদপুর এর উপর ক্রমিক ১ ও ২ এর জন্য ১০০০/= (এক হাজার), ক্রমিক ৩ ও ৪ এর জন্য ৫০০/= (পাঁচশত), এবং ক্রমিক ৫ হতে ১১ এর জন্য ৪০০/= (চারশত) এবং ক্রমিক নং ১২ হতে ১৫ এর জন্য ৩০০/= (তিনশত) টাকার ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
১২. বয়স প্রমাণের ক্ষেত্রে এ্যান্ডিডেভিট গ্রহণযোগ্য নয়।
১৩. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।
১৪. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
১৫. নির্ধারিত ফরম নগই এর ওয়েব সাইট [www.rri.gov.bd](http://www.rri.gov.bd) হতে ডাউন লোড করে নিতে হবে অথবা নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর হতে অথবা ৭২, গ্রীন রোডস্থ, নগই লিয়াজোঁ অফিস, ঢাকা হতে অফিস চলাকালীন সময় সংগ্রহ করতে হবে।
১৬. এ নিয়োগ প্রক্রিয়া কর্তৃপক্ষ যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে আংশিক/সম্পূর্ণ হ্রাসিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(মোঃ আলিম উদ্দিন)  
(যুগ্ম-সচিব)  
মহাপরিচালক  
নদী গবেষণা ইনস্টিটিউট  
ফরিদপুর।